“যে ব্যক্তি এটা চায় যে, আল্লাহ তাকে কিয়ামত দিবসের দুঃখ-কষ্ট থেকে মুক্তি দিক সে যেন ঋণগ্রস্ত অক্ষম লোকের সহজ ব্যবস্থা করে কিংবা ঋণ মওকুফ করে দেয়”।

আবূ কাতাদাহ্ রাদিয়াল্লাহু ‘আনহু একবার তার কাছ থেকে ঋণ গ্রহণকারী একজনকে খোঁজ
করেন। সে তার থেকে লুকিয়ে ছিল। পরে তিনি তাকে পেয়ে যান। সে বললঃ আমি অভাবগ্রস্ত।
তিনি বললেনঃ আল্লাহর শপথ! সে বললঃ আল্লাহর শপথ। তিনি বললেনঃ তাহলে আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি: “যে ব্যক্তি এটা চায় যে, আল্লাহ
তাকে কিয়ামত দিবসের দুঃখ-কষ্ট থেকে মুক্তি দিক সে যেন ঋণগ্রস্ত অক্ষম লোকের সহজ ব্যবস্থা করে কিংবা ঋণ মওকুফ করে দেয়”। [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

আবূ কাতাদাহ রাদিয়াল্লাহু আনহু তার থেকে ঋণগ্রহণকারী এক ব্যক্তি যে তার থেকে আত্মগোপনে থাকতেন খোঁজ করতে ছিলেন এবং তিনি তাকে পেয়ে যান। ঋণগ্রস্ত ব্যক্তি বলল: আমি অভাবগ্রস্ত, আপনার ঋণ পরিশোধ করার মত সম্পদ আমার কাছে নেই। আবূ কাতাদাহ রাদিয়াল্লাহু আনহু তার কাছে আল্লাহর নামে এই মর্মে কসম তলব করলেন যে, তার নিকট সম্পদ নেই? সে আল্লাহর নামে কসম করল যে, তিনি যা বলছেন তাতে তিনি সত্যবাদী। আবূ কাতাদাহ রাদিয়াল্লাহু আনহু বললেন, তিনি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন: আল্লাহ কিয়ামতের দিনের আতঙ্ক, মুসিবত ও বিভীষিকা থেকে সুরক্ষা দিবেন বিষয়টি যাকে প্রফুল্ল ও আনন্দিত করে, তার উচিত অভাবগ্রস্তকে সুযোগ দেওয়া, যেমন তাকে অবকাশ দেওয়া ও তার ঋণের তাগাদা বিলম্বিত করা, অথবা কিছু ঋণ হ্রাস করা অথবা পুরো ঋণ ক্ষমা করা।

http://sunnah.global/hadeeth/bn/show/4195